

স্কুল পড়ুয়াদের জন্য সুরক্ষা নীতির পুস্তিকা প্রকাশ

নিজস্ব প্রতিনিষি, কলকাতা: স্কুল পড়ুয়াদের সুরক্ষিত রাখতে বিশেষ নীতি তৈরি করেছে রাজ্য শিশু কমিশন। মঙ্গলবার তা আনুষ্ঠানিকভাবে প্রকাশ করা হল। নারী, শিশু ও সমাজকল্যাণ দপ্তরের মন্ত্রী শশী পাঁজা সেই নীতি সংকলনের পুস্তিকা প্রকাশ করেন। অনুষ্ঠানে মন্ত্রী ছাড়াও কমিশনের চেয়ারপার্সন অনন্যা চক্রবর্তী, শিক্ষাদপ্তরের অন্যতম যুগ্ম সচিব কৌশিক হালদার প্রমুখ উপস্থিত ছিলেন। এদিনের অনুষ্ঠানে কমিশনের তরফে স্কুল বাচ্চাদের সুরক্ষিত রাখার বিভিন্ন সুপারিশ সংক্রান্ত পুস্তিকা শিক্ষাদপ্তরের হাতে তুলে দেওয়া হয়। বাচ্চাদের সঙ্গে কীরকম আচরণ করতে হবে স্কুলের শিক্ষক-প্রধান শিক্ষক-শিক্ষাকর্মীদের, তা স্পষ্ট করে বলা হয়েছে এই পুস্তিকায়। শুধু তাই নয়, অভিভাবকদের ভূমিকাই বা কী হবে, সেটাও বলে দেওয়া হয়েছে। কমিশনের এই সুপারিশ সংকলনে বলা হয়েছে, বাচ্চাদের মারধর করা, কিংবা তাদের উপর অযথা মানসিক চাপ তৈরি করার মতো কাজের থেকে বিরত

থাকতে হবে শিক্ষক-অভিভাবকদের। শিশুদের সামনে ধুমপান করা বা তাদের সামনে অশ্লীল শব্দ প্রয়োগও বিরূপ প্রতিক্রিয়া তৈরি করতে পারে। তাই সেসব কথা মাথায় রেখেই কাজ করার পরামর্শ দিয়েছে কমিশন। স্কুলগুলিতে এই 'সেফ স্কুল পলিসি' পালন করা হচ্ছে কি না, তার জন্য নিয়মিত মূল্যায়ন করা দরকার বলে মনে করেন কমিশনের কর্তারা।

মন্ত্রী শশী পাঁজা বলেন, স্কুলে বাচ্চাদের সুরক্ষিত রাখতে কমিশনের এই কাজ খুবই গুরুত্বপূর্ণ। অনন্যাদেবীর কথায়, বাচ্চাদের জন্য স্কুলকে কী করে নিরাপদ রাখা যায়, সেই নিয়েই এটি একটি বিস্তারিত রিপোর্ট। স্কুল শিক্ষা দপ্তর এই বিধি পর্যালোচনা করে যাতে এ নিয়ে বিজ্ঞপ্তি জারি করে, তার আবেদন করা হয়েছে। উল্লেখ্য, বিজ্ঞপ্তি জারি হলেই, তা স্কুলগুলিকে মানতে হবে। এদিনের অনুষ্ঠানে স্কুল শিক্ষা সংক্রান্ত আরও একটি রিপোর্ট এবং শিশুদের ম্যাগাজিন 'ছল্লোড়'-এর সপ্তম সংস্করণ প্রকাশিত হয়।